# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-III Examination, 2022

## বাংলা

## চতুর্থ পত্র

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ১০০**

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** শব্দের বাংলা পরিভাষা লেখোঃ ১×১০ = ১০

Annotation, Ambiguity, Bibliography, Chorus, Chronological, Dialect, Elegy, Free verse, Folk culture, Hypercritical, Irony, Imitation, Limeric, Meta-fiction, Motif, Neo-realism, Refrain, Saga, Utopia, Wit.

২। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে অনুচ্ছেদ রচনা করোঃ ১৫

(ক) বিশ্বায়ন ও মানবসভ্যতা।

(খ) গাছ বাঁচলে মানুষ বাঁচবে।

(গ) শব্দদূষণ ও পরিবেশ সচেতনতা।

**অথবা**

নিম্নলিখিত যে-কোনো ***একটি*** বিষয় নিয়ে অনধিক ৩০০ শব্দের মধ্যে প্রবন্ধ রচনা করোঃ ১৫

(ক) রবীন্দ্রনাথের ছোটোগল্প।

(খ) সাহিত্য আন্দোলনে লিটল ম্যাগাজিনের ভূমিকা।

(গ) সাহিত্য পাঠের উপযোগিতা।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটির*** উদাহরণসহ সংজ্ঞা দাওঃ ৫×২ = ১০

আদি স্বরাগম, শব্দদ্বৈত, লোকনিরুক্তি, সুভাষণ, সংকর শব্দ, সমাক্ষরলোপ।

৪। নিম্নলিখিত অংশটিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার (IPA) চিহ্ন ব্যবহার করে লিপ্যন্তর করোঃ ২০×০.৫= ১০

‘কলেজের বাহিরে যে দেশ পড়িয়া আছে তাহার মহত্ত্ব একেবারে ভুলিলে চলিবে না। কলেজের শিক্ষার সঙ্গে দেশের একটা স্বাভাবিক যোগস্থাপন করিতে হইবে।

অন্যদেশে সে যোগ চেষ্টা করিয়া স্থাপন করিতে হয় না। সে-সকল দেশের কলেজ দেশেরই একটা অঙ্গ — সমস্ত দেশের আভ্যন্তরিক প্রকৃতি তাহাকে গঠিত করিয়া তোলাতে দেশের সহিত কোথাও তাহার কোনো বিচ্ছেদের রেখা নাই। আমাদের কলেজের সহিত দেশের ভেদচিহ্নহীন সুন্দর ঐক্য স্থাপিত হয় নাই।’

৫। "কলকাতা চলচ্চিত্র উৎসব" বিষয়ে একজন বিখ্যাত অভিনেতার সঙ্গে একজন সাংবাদিকের সাক্ষাৎকার লিপিবদ্ধ করো। ১৫

**অথবা**

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-এর একটি অনুষ্ঠান সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি রিপোর্ট রচনা করো। ১৫

৬। মহাবিদ্যালয়ের অধ্যক্ষের কাছে পরীক্ষার ফি-মকুবের জন্য আবেদন জানিয়ে একটি পত্র রচনা করো। ১৫

**অথবা**

তোমার এলাকায় দোকানঘর ভাড়া দেওয়ার জন্য সংবাদপত্রে প্রকাশের উপযুক্ত একটি বিজ্ঞাপন রচনা করো। ১৫

৭। নিম্নলিখিত যে-কোনো ***একটি*** অনুচ্ছেদ বাংলায় অনুবাদ করোঃ ১৫×১ = ১৫

(ক) Maithili and Bengali are like twin-sisters with so much similarities that these cannot be separated so easily. Their origin, scripts and vocabularies, all identical, except the pronunciation which differs a little bit. In Maithili there are many books of Gurudev Rabindra Nath Tagore, Bankim Babu and Sarat Babu. Among Bengali writers, who have impressed both writers readers of Maithili, Sarat Chandra is the foremost.

**অথবা**

(খ) I have said that in some degree wisdom can be taught. I think that this teaching should have a larger intellectual element than has been customary in what has been thought of as moral instruction. I think the disastrous results of hatred and narrow-mindedness to those who feel them can be pointed out incidentally in the course of giving knowledge. I do not think that knowledge and morals ought to be too much separated. It is true that the kind of specialized knowledge which is required for various kinds of skill has very little to do with wisdom. But it should be supplemented in education by wider surveys calculated to put it in its place in the total of human activities. Even the best technicians should also be good citizens; and when I say 'citizens', I mean citizens of the world and not of this or that sect or nation.

**(শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

৮। নীচের বানানগুলি সংশোধন করোঃ ১×১০ = ১০

বিবমিসা, প্রতিযোগীতা, পৈসাচিক, মমত্য, সান্মানিক, বিভিসিকা, সহযোগীতা, পৌরহিত্য, উর্দ্ধ, পরিসেবা।

৮। বিষয় ........................................ পত্র ................................................... ০.৫×২০= ১০

নিম্নলিখিত মূল কপিটি দেখে এবং প্রুফ সংশোধনের যথাযথ চিহ্ন ও পদ্ধতি ব্যবহার করে প্রুফ কপিটি সংশোধন করো (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে)। মূল কপি এবং সংশোধিত প্রুফ কপি উত্তরপত্রের সঙ্গে অবশ্যই যুক্ত করতে হবে। বিষয় এবং পত্র যথাস্থানে লিখতে হবে (কম করে ২০টি বানান সংশোধন সঠিক হতে হবে)।

**(মূল কপি)**

আজ আমাদের অনেকেরই ঘুম ভেঙেছে। আমার বিশ্বাস এখন দেশে এমন একজনও ভারতবাসী নেই যে এই প্রাচীন পবিত্র মাতৃভূমির নষ্ট-গৌরব, বিলুপ্ত-সম্মান পুনরুজ্জীবিত না দেখতে চায়। কিন্তু কেবল চাইলেই তো মেলে না, পাবার উপায় করতে হয়। এই উপায়ের পথেই যত বাধা, যত বিঘ্ন, যত মতভেদ এবং এইখানেই একটা বস্তুকে আমি তোমাদের চিরজীবনের পরম সত্য বলে অবলম্বন করতে অনুরোধ করি। এ কেবল পরের অধিকারে হস্তক্ষেপ না করা। যার যা দাবী তাকে তা পেতে দাও। তা সে যেখানে এবং যারই হোক।

**(প্রুফ কপি)**

আজ আমাদের অনেকের ইযুম ভেঙেছে। আমারবিশ্বাস এমন-দেশে এখনও একজন ভারতবাসি, নেই সে এই প্রাচিন পবীত্র মাতভুমির নষ্ট-গোরব বিলুত সন্নান পুরজীবিতনা দেখতে ছায় কিন্তুকে কেরল ত মেলে না, পারার করতে হয়। এ উপায়ের পথেইস সত বিগ্ন সত যতভেদ এবক এইখানেই একট বসুকে আমি তো মাদের চীরজিবনের চরম সত্ত বলে অবলমন করতে অনুরোধ করি এ কেবল পরের অধিকারে হতক্ষেপনা করা। মার সা দাবীতা কেতা পেতে দাও তা যে সেখানে এবং সারই হোক।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——